পানি সংকটে বিপাকে হরিণাকুণ্ডুর পাট চাষিরা

পাট নিয়ে বিপাকে পড়েছেন ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার কৃষকরা। পাটগাছ বড় হওয়ার পর পানির অভাবে অনেক স্থানে গাছের পাতা শুকিয়ে মরে যাচ্ছে। পাট জাগ দিতে পারছেন না এলাকার কৃষক। ভরা বর্ষা মৌসুমেও বৃষ্টির দেখা নেই।

অধিকাংশ খাল, বিল, ডোবা ও জলাশয়ে পানি নেই। যেটুকু পানি আছে তা পাট পচানোর জন্য যথেষ্ট নয়। পাটচাষিরা বৃষ্টির আশায় পাট কেটে জমিতে ফেলে রেখেছেন। পুকুর-নদীতে পর্যাপ্ত পানি না থাকায় সেচের মাধ্যমে জাগ দিতে হচ্ছে পাট। আবার কেউ গাড়িতে করে বিল এলাকায় নিয়ে জাগ দেয়ার চেষ্টা করছেন। লোকসানের আশঙ্কায় মাথায় হাত কৃষকদের।

চলতি বছর ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৩ হাজার ৭৩০ হেক্টর লক্ষ্যমাত্রার বিপরীতে পাট চাষ হয়েছে ৩ হাজার ৭৫০ হেক্টর জমিতে, যা গত বছরের তুলনায় বেশি। চাষ বেশি হলেও পানির অভাবে সমস্যা দেখা দিয়েছে পাট জাগ নিয়ে। অনেক এলাকায় শ্যালো মেশিন ও মোটরের সাহায্যে পানি দিয়ে জাগ দেয়া হচ্ছে। এতে বাড়তি খরচ গুনতে হচ্ছে কৃষকদের।

উপজেলার ফলসী ইউনিয়নের কৃষক জাফিরুল ইসলাম বলেন, এ বছর তিনি চার বিঘা জমিতে পাটের আবাদ করেছেন।অনাবৃষ্টির কারনে পাটের আগা শুকিয়ে গেলেও ফলন আগের বছরের তুলনায় ভালো হবে বলে আশা করছেন। কিন্তু পানির অভাবে পাট জাগ দিতে পারছেন না। উপজেলার অধিকাংশ পাটচাষির একই অবস্থা। গত বছর দাম বেশি পাওয়ায় চলতি বছর পাটের আবাদে ঝুঁকে পড়েন উপজেলার কৃষকরা। পাট আবাদ নির্বিঘ্নে হলেও এখন পাট কাটা ও জাগ দেয়া নিয়ে মহাবিপদে পড়েছেন কৃষক।

পায়রাডাঙ্গা গ্রামের কৃষক রাসেল বলেন, উপযুক্ত পানি না থাকায় পাট জাগ দেয়া খুব সমস্যা হয়ে যাচ্ছে।

হরিণাকুণ্ডু উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান বলেন, চলতি মৌসুমে উপজেলায় জমিতে পাটের আবাদ অনেক ভালো হয়েছে। ফলনও বেশ ভালো হয়েছে। তবে যে বৃষ্টি হয়েছে তা পাট পচানোর জন্য যথেষ্ট নয়। বেশ কিছু দিনের খরা আর অনাবৃষ্টির কারণে পাটচাষিরা পড়েছেন

দুশ্চিন্তায়। বিল অঞ্চলে পানি রয়েছে। কিন্তু উঁচু অঞ্চলে পানির সংকট। পর্যাপ্ত বৃষ্টি হলে এ সমস্যা দূর হবে।এছাড়াও পাট পচানোর জন্য পানি চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে স্লুইসগেইট দিয়ে নদীতে পানি সরবরাহও চাওয়া হয়েছে। আশা করছি, দ্রুত সময়ের মধ্যে ক্যানাল ও নদীতে পানি সরবরাহ করা হবে।

‘ভাই বলেছিলেন ভারতের বিপক্ষে গোল করতে হবে’

সাফ অনূর্ধ্ব-২০ ফুটবল চ্যাম্পিয়নশিপে বর্তমান চ্যাম্পিয়ন ভারতকে ২-১ গোলে হারিয়েছে বাংলাদেশ।

ম্যাচে বাংলাদেশের পক্ষে দুটি গোলই করেছেন কুষ্টিয়ার কিশোর পিয়াস আহমেদ নোভা। ভারত-বধের একমাত্র নায়ক লাল-সবুজ দলের এ ফরোয়ার্ড।

ভারতের বিপক্ষে গোল করবে পিয়াস, ম্যাচের আগে এমন আশা করেছিলেন— এ ফরোয়ার্ডের বড় ভাই। পিয়াস সে আশা পূরণ করেছেন।

সেই কথা জানিয়ে ভারতকে হারানোর নায়ক পিয়াস গণমাধ্যমকে বলেছেন, ‘আশা ছিল ভারতের বিপক্ষে গোল করব। সেটি পেরেছি। এ জন্য আমি খুশি। ম্যাচের আগে ফোন করে আমার ভাই বলেছিলেন, ভারত অনেক বড় দেশ। ওদের একটি প্রদেশের সমান আমরা। ভারতের বিপক্ষে তোমাকে গোল করতে হবে। আমি ভাইয়ের আশাও পূরণ করতে পেরেছি।’

এ ফরোয়ার্ড আরও বলেন, ‘ম্যাচে নামলে চেষ্টা করি গোল করতে। এর আগের ম্যাচে গোল পাইনি। ইচ্ছে ছিল ভারতের বিপক্ষে গোল করার। গোল পেয়ে অনেক ভালো লাগছে।’

ভারতের উড়িষ্যা রাজ্যের ভুবনেশ্বরের কালিঙ্গা স্টেডিয়ামে বুধবার ম্যাচটি অনুষ্ঠিত হয়।

ম্যাচের ৩০তম মিনিটে ইমরান খানের লম্বা পাস ধরে এক ডিফেন্ডারকে কাটিয়ে বাঁ-পায়ের প্লেসিংয়ে গোল করেন ফরোয়ার্ড পিয়াস আহমেদ।

পরের মিনিটেই গুরকিরাত সিংয়ের হেডে সমতায় ফেরে ভারত।

প্রথমার্ধের শেষ দিকে পেনাল্টি থেকে নিজের ও দলের দ্বিতীয় গোল করে পিয়াস। ২-১ গোলে এগিয়ে থাকাটা ধরে রেখে ম্যাচ শেষে উল্লাসে ফেটে পড়েন লাল-সবুজ জার্সিধারীরা।

বাংলাদেশের এটি টানা দ্বিতীয় জয়। প্রথম ম্যাচে ১-০ গোলে শ্রীলংকাকে হারিয়েছিলেন পল স্মলির শিষ্যরা।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ২ জন গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ২ আসামী গ্রেফতার করেছেন।

বুধবার (২৭ জুলাই) দিবাগত রাতে মেহেরপুর সদর উপজেলার দুটি স্থানে পৃথক অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন।

এরা হলেন, সদর উপজেলার ইসলামপুর গ্রামের আমিনুল ইসলামের ছেলে টগর আলী ও টেংরামারী গ্রামের লুৎফর রহমানের ছেলে ভিকু হোসেন।
টগর আলীর মামলা নং সিআর ১০২/২১ এবং ভিকু হোসেনের মামলা নং ৭৭/২১ ইং।

এএসআই শাকিল হোসেনে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে টগর হোসেনকে এবং এএসআই শাহাজামল সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে ভিকু হোসেনকে গ্রেফতার করে।

সদর থানার ভারপ্রাপ্ত ওসি মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান. আজ বৃহস্পতিবার (২৮ জুলাই) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে পৃথকভাবে জয়ের জন্মদিন এবং সেচ্ছাসেবকলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মুজিবনগরে পৃথক পৃথক ভাবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দৌহিত্র এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুত্র এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা, সজীব ওয়াজেদ জয়ের জন্মদিন এবং বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৮তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এই উপলক্ষে বুধবার বিকেলে মুজিবনগর মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্স পিডব্লিউডিআই রেস্ট হাউসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মুজিবনগর উপজেলা শাখার সহ-সভাপতি মতিউর রহমান মতিনের নেতৃত্বে ও সভাপতিত্বে ছাত্র নেতা গাজী স্বপন এর সঞ্চালনায়, কেক কাটা ও আলোচনা সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সেচ্ছাসেবকলীগের (সাবেক) যুগ্ম আহ্বায়ক হাসানুজ্জামান লালটু, দারিয়াপুর ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সভাপতি শাহাজান সিরাজ দোলন, মহাজনপুর ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সভাপতি শেখ রাসেল,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি, শাহ ওয়ালিউল্লাহ সোহাগ।

সাবেক ছাত্রনেতা মামুনুর রশিদ। এ সময় উপজেলা ইউনিয়ন ও ওয়ার্ড স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীবৃন্দ উপস্হিত ছিলেন।
আলোচনা সভার শেষে কেক কেটে সজীব ওয়াজেদ জয় এর জন্মদিন এবং সেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

অপরদিকে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মুজিবনগর উপজেলা শাখার সভাপতি বেলাল হাসান বিপ্লব এবং সাধারণ সম্পাদক আরিফ শাহ এর নেতৃত্বে সজীব ওয়াজেদ জয়ের জন্মদিন এবং স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

দিবসটি পালন উপলক্ষে বিকেলে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মোটেলে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা শাখা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি বেলাল হাসান

বিপ্লবের সভাপতিত্বে এবং উপজেলা শাখা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আরিফ শাহ এর সঞ্চালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, উপজেলা সেচ্ছাসেবকলীগের দপ্তর সম্পাদক অসিম মন্ডল, বাগোয়ান ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক ওমর আলী, মোনাখালি ইউনিয়ন সেচ্ছাসেবকলীগের সাধারণ সম্পাদক হাবিব।

এ সময় স্বেচ্ছাসেবক লীগের মুজিবনগর উপজেলা শাখার নেতৃকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে কেক কাটার মধ্য দিয়ে সজীব ওয়াজেদ জয়ের জন্মদিন এবং স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়।

দেশকে বাঁচাতে বসতবাড়ি ও খোলা জায়গায় বেশি করে বৃক্ষরোপণ করতে হবে

“বৃক্ষ প্রাণে প্রকৃতি-প্রতিবেশ আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই স্লোগান নিয়ে বুধবার সকালে কুষ্টিয়া কালেক্টরেট চত্বরে ৭ দিনব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষ মেলা উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের আয়োজনে কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম এ মেলার উদ্বোধন করেন।

এসময় তিনি তার বক্তব্যে বলেন, পরিবেশের অবক্ষয় থেকে রক্ষা করতে এবং পুষ্টি ও কাঠের চাহিদা হ্রাসের পাশাপাশি জলবায়ু পরিবর্তনের বিপর্যয় থেকে দেশকে বাঁচাতে বসতবাড়ি ও খোলা জায়গায় বেশি করে বৃক্ষরোপণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

তিনি আরও বলেন, আপনারা বেশি বেশি করে বৃক্ষ রোপন করেন। তাহলে আমাদের দেশ বাঁচবে আমরা অক্সিজেন বেশি বেশি পাব। দেশে বৃষ্টিপাত বেশি হবে। আপনারা দেখছেন একটা দেশের বনভূমির পরিমাণ যদি কমে যায় তাহলে সেই রাষ্ট্রে বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে। তাই তিনি সবার উদ্দেশ্যে বলেন আপনারা বাড়িতে বেশি বেশি করে গাছ লাগান

পরিবেশ বাঁচান।

কুষ্টিয়া সামাজিক বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা, জি, এম, মোহাম্মদ কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপ-পরিচালক, ড.হায়াত মাহমুদ, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব মোঃ সদর উদ্দীন খান, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আজগর আলী।

এছাড়াও আরও উপস্থিত ছিলেন, ফরেস্টার তাপস কুমার সেনগুপ্ত, কুষ্টিয়ার দৌলতপুর উপজেলা বন কর্মকর্তা আবু বকর সিদ্দিক, কুষ্টিয়া সামাজিক বন বিভাগের উচ্চমান সহকারী মোঃ আবেদ আলীসহ বিভিন্ন উপজেলার কর্মকর্তা কর্মচারী বূন্দ।

এসময় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ। মেলা প্রাঙ্গণে বিভিন্ন সরকারি দপ্তর, বেসরকারি প্রতিষ্ঠানের মোট ৫২টি স্টল স্থাপন করা হয়েছে। বৃক্ষমেলা চলবে ২ আগস্ট পর্যন্ত।

দি হাঙ্গার প্রজেক্টের উদ্দ্যোগে দুই দিন ব্যাপি প্রশিক্ষণ

মাটির অনুজীবকে কিভাবে বৃদ্ধি করে প্রাকৃতিক উপায়ে কোনও রাসায়নিক কীট নাশকের ব্যবহার না করে ফসল উৎপাদন করা যায় হাতে কলমে শিহ্মা নিয়ে প্রশিক্ষণলব্ধ জ্ঞান কৃষি কাজে লাগাবেন।

এই প্রত্যয় নিয়ে গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের উদ্দোগে দুইদিন ব্যাপী শুন্য বাজেট প্রাকৃতিক কৃষি বিষয়ক এক প্রশিক্ষণ অনুষ্ঠিত কর্মশালা হয়েছে। গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে গত ২৬ জুলাই সকাল ১০ টার সময় আনুষ্ঠানিক ভাবে শুরু হয়। বুধবার প্রশিক্ষণটি শেষ হয়েছে। প্রশিক্ষণে গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নের ২৮ জন

কৃষক দুদিন ব্যাপী এই প্রশিক্ষণে গ্রহণ করেন।

প্রশিক্ষণের সমাপনী পর্বে যোগ দেন গাংনী উপজেলার কৃষি কর্মকর্তা লাভলী খাতুন। উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুন প্রশিক্ষকের সকল পদ্ধতি পর্যবেক্ষণ করেন এবং তিনি এই পদ্ধতি আরো ভালো ভাবে জানার আগ্রহ প্রকাশ করেন।

উপজেলা কৃষি কর্মকর্তার বলেন, কৃষকরা এই পদ্ধতি ব্যবহার করলে আর্থিক ভাবে লাভের পাশাপাশি নিরাপদ খাদ্য উৎপাদন নিশ্চিত হবে। প্রশিক্ষণটি পরিচালনা করেন রহমত শহিদুল ইসলাম ও দি হাঙ্গার প্রজেক্ট রাজশাহী অঞ্চলের এলাকা সমন্বয়কারী মোঃ আছির উদ্দিন।

এসময় বিশিষ্ট সাংবাদিক রবিউল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়ক হেলাল উদ্দীনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে প্রতিপক্ষের ধারালো কাচির কোপে গুরুতর আহত-১

ছাগলে ফসল বিনষ্ট করার খেসারত মালিক কে দিতে হলো রক্ত দিয়ে। প্রতিপক্ষের ধারালো কাচির কোপে গুরুতর আহত হয়ে মালিক আলতাপ হোসেন (৪৫) স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। বুধবার কোটচাঁদপুরের রামচন্দ্রপুর মন্ডল পাড়ায় এ ঘটনা ঘটে। আলতাপ হোসেন

কোটচাঁদপুর উপজেলার রামচন্দ্রপুর গ্রামের মৃত ইলাহি মন্ডলের ছেলে। জানা গেছে, বুধবার দুপুরে আলতাপ হোসেনের ছাগল চলে যায় পাশের বাড়ির নওশার হোসেনের ফসলি জমিতে। এ সময় ছাগলটি, তাঁর ফসলের বেশ ক্ষতি সাধন করেন।

এতে করে ক্ষিপ্ত নওশার ছাগল নিয়ে ছুটে আসেন আলতাপের বাড়িতে। একপর্যায় দুই জনের মধ্যে চলে বাকবিতণ্ডা। এ সময় নওশার তাঁর হাতে

থাকা কাচি দিয়ে কোপাতে থাকে আলতাপকে।

আলতাপের চিৎকারে স্থানীয়রা ছুটে আসলে ঘটনাস্থল থেকে পালিয়ে যায় সে। পরে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর হাসপাতালে নিয়ে আসেন তারা।

চিকিৎসক শিরিন সুলতানা বলেন, তার হাত মুখ সহ বেশ কয়েক স্থানে ক্ষত রয়েছে। তবে হাতের ক্ষতটা মারাত্মক। এ কারনে তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোরে রেফার্ড করা হয়েছে।

ঘটনার পর থেকে নওশার এলাকা ছেড়েছেন বলে জানা গেছে। সে ওই গ্রামের মৃত আনসার আলী ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক জাহিদ হোসেন জানান, ওই ঘটনায় এখনো পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

আবুল হাসেম মেহেরপুর সদর উপজেলা ভাইসচেয়ারম্যান নির্বাচিত

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান উপ নির্বাচনে চশমা প্রতীকে ১৫ হাজার ৩০৪ ভোট পেয়ে আবুল হাশেম ভাইসচেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দী সাবেক যুবলীগ নেতা নিসান সাবের মাইক প্রতীকে পেয়েছেন মাত্র ৪ হাজার ৫৬৮ ভোট।

এছাড়া সাবেক ছাত্রলীগ নেতা শামীম উদ্দীন টিউবওয়েল প্রতীকে ৩ হাজার ৬৩০ ও আলফাজ হোসেন তালা প্রতীকে পেয়েছেন ৯৭৭ ভোট।

মেহেরপুর সদর উপজেলার ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনে ১১.৬৫ ভাগ ভোট পোল হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

ভোট গণণা শেষে সন্ধ্যা ৬ টার দিকে মেহেরপুর সদর উপজেলার ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনের রিটার্নিং অফিসার ও জেলা নির্বাচন অফিসার মুহাম্মদ আবু আনছার বেসরকারিভাবে এ ফলাফল ঘোষণা

করেন।

উপনির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ২ লাখ ৯ হাজার ৯৮৩ জন। এদের মধ্যে ভোট প্রদান করেছেন মাত্র ২৪ হাজার ৪৭৯ জন। ভোট কেন্দ্রে উপস্থিত হননি ১ লাখ ৮৫ হাজার ৫০৪ জন ভোটার।

উল্লেখ্য, ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম ভাইসচেয়ারম্যান থেকে পদত্যাগ করাই এই পদটি শুন্য হলে নির্বাচন কমিশন তফশীল ঘোষণা করেন।

মেহেরপুরে লোক সংখ্যা বেড়েছে ৫০ হাজার

প্রথম ডিজিটাল জনশুমারী ও গৃহগণনায় মেহেরপুর জেলায় জনসংখ্যা বেড়েছে ৫০ হাজার ৪৪ জন। এদের মধ্যে নারী সংখ্যা বেড়েছে ২৫ হাজার ১৪০ জন ও পুরুষের সংখ্যা বেড়েছে ২৪ হাজার ৯০৪ জন। তবে, পুরুষের চেয়ে নারীর সংখ্যা বেশী বেড়েছে মাত্র ২৩৬ জন।

২০২২ সালের জনশুমারী অনুযায়ী মেহেরপুর জেলার মোট জন সংখ্যা এখন ৭ লক্ষ ৫ হাজার ৩৫৬ জন।

এই জনসংখ্যার মধ্যে পুরুষের সংখ্যা ৩ লাখ ৪০ হাজার ২৫ জন ও নারীর সংখ্যা ৩ লাখ ৬৫ হাজার ১৬৫ জন। জেলায় পুরুষের তুলনায় নারী বেশী ২৫ হাজার ১৪৫ জন। এছাড়া তৃতীয় লিঙ্গের (হিজড়া) ৩৯ জন।

২০১১ সালের আদমশুমারিতে মেহেরপুর জেলার লোক সংখ্যা ছিল ৬ লক্ষ ৫৫ হাজার ৩৯২ জন। এ জনসংখ্যার মধ্যে পুরুষ ছিল ৩ লাখ ২৪ হাজার ৬৩৪ জন ও নারী ছিল ৩ লাখ ৩০ হাজার ৭৫৮ জন।

গত ১১ বছরে মেহেরপুর জেলায় জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে ৫০ হাজার ৪৪ জন।

২০১১ সালে জেলায় খানার সংখ্যা ছিল ১ লাখ ৬৬ হাজার ৩১২ টি। ২০২২ সালে সে খানার সংখ্যা বেড়ে দাড়িয়েছে ১ লাখ ৯৫ হাজার ৩২৩ টি।

জেলায় গত ১১ বছরে খানার সংখ্যা বেড়েছে ২৯ হাজার ১১ টি।

মেহেরপুর জেলা পরিসংখ্যান অফিসের উপপরিচালক (ভারপ্রাপ্ত) মো: শরিফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

ঝিনাইদহে বিদ্যুতের তথ্য প্রধানমন্ত্রীর নিকট চাওয়ার নিদের্শ দিলেন জিএম

ঝিনাইদহ পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজার ইসাহাক আলীর বিরুদ্ধে সাংবাদিকদের সাথে অশালীন আচরণের অভিযোগ উঠেছে।

বিদ্যুতের সাম্প্রতিক অবস্থার তথ্য চাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে যাওয়ার নিদের্শ দেন তিনি। এছাড়া তথ্য চাইতে যাওয়ায় সাংবাদিকদের অবরুদ্ধ করে রাখার অভিযোগও উঠেছে তার বিরুদ্ধে।

জানা যায়, ঝিনাইদহ পল্লী বিদ্যুতের অধিনে জেলার ৬ উপজেলায় নির্ধারিত সময়ের চেয়ে অতিরিক্ত সময় লোডশেডিং হচ্ছে। বিদ্যুতের সরবরাহ কম নাকি কারিগরি ত্রুটি এ বিষয়টি জানতে মঙ্গলবার দুপুরে বেসরকারি টিভি চ্যানেল ২৪ এর সংবাদ প্রতিনিধি পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজার ইসাহাক আলীর দপ্তরে যান। সেখানে গিয়ে বিষয়টি জানতে চাইলে তিনি বলেন, আমি কোন তথ্য দিব না। প্রধানমন্ত্রী লোডশেডিং দিচ্ছে আপনি তার কাছে যান। এসময় তিনি ক্যামেরা বন্ধ করার নিদের্শ দিয়ে প্রধানমন্ত্রীকে খাটো করে নানান কথা বলেন। সেখান থেকে ওই সংবাদ কর্মী চলে আসেন।

বুধবার (২৭ জুলাই) লোডশেডিংয়ের তথ্য জানতে আরও কয়েকজন সংবাদকর্মী সেখানে গেলে অফিসে যাওয়ার পরপরই তিনি ক্ষুব্ধ হন। তথ্যসরবরাহ না করে উল্টো সাংবাদিকদের সাথে অশালীন আচরণ শুরু করে। একপর্যায়ে অফিসের সরকারি ফাইল ছুড়ে দিয়ে অকথ্য ভাষায় গালী- গালাজ করতে করতে অফিস কক্ষ থেকে বের হয়ে শোরগোল শুরু করে। সেসময় অফিসে তালা দিয়ে আনসার সদস্যদের ডাকতে বলে। সংবাদকর্মীরা

অবরুদ্ধ হয়ে পড়লে অফিসের অন্যান্যরা তাদের উপর ক্ষিপ্ত হয়। এক পর্যায়ে জেলায় কর্মরত সংবাদিক নেতারা সেখানে গিয়ে তাদের উদ্ধার করে।

সংবাদকর্মীরা বিষয়টি জেলা প্রশাসক মনিরা বেগম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামকে জানালে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

এ ব্যাপারে ভুক্তভোগী এক সাংবাদিক বলেন, আজ তিনি যে আচরণ করেছেন তা কোন সরকারি কর্মকর্তার আচরণ হতে পারে না। আমরা অফিসে বসেই আছি আর উনি অফিসের মধ্যে চেচামেচি করে তালা দিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। যেন আমরা ডাকাতি করতে এসেছি। এ ঘটনার সুষ্টু তদন্ত করে ব্যবস্থা নেওয়ার দাবী জানিয়েছেন জেলার কর্মরত সংবাদ কর্মীরা।

এ ব্যাপারে অভিযুক্ত জেনারেল ম্যানেজার ইসাহাক আলী ভুল স্বীকার করে দুঃখ প্রকাশ করেছেন।